

আল-আদাবুল মুফরাদ

হাদিস নম্বরঃ ১০৩৭

পরস্পর সালাম বিনিময়

পরিচ্ছেদঃ ৪৭১- আমীরকে সালাম দেয়া।

بَابُ التَّسْلِيمِ عَلَى الْأَمِيرِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدٌ، قَالَ: أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ، قَالَ: أَخْبَرَنَا حَيْوَةُ بْنُ شُرَيْحٍ قَالَ: حَدَّثَنِي زِيَادُ بْنُ عُبَيْدٍ، بَطْنٌ مِنْ حَمِيرٍ، قَالَ: دَخَلْنَا عَلَى رُوَيْفِعٍ، وَكَانَ أَمِيرًا عَلَى أَنْطَابُلُسَ، فَجَاءَ رَجُلٌ فَسَلَّمَ عَلَيْهِ، وَنَحْنُ عِنْدَهُ، فَقَالَ: السَّلَامُ عَلَيْكَ أَيُّهَا الْأَمِيرُ، فَقَالَ لَهُ رُوَيْفِعٌ: لَوْ سَلَّمْتَ عَلَيْنَا لَرَدَدْنَا عَلَيْكَ السَّلَامَ، وَلَكِنْ إِنَّمَا سَلَّمْتَ عَلَى مَسْلَمَةَ بْنِ مَخْلَدٍ، وَكَانَ مَسْلَمَةً عَلَى مِصْرَ، اذْهَبْ إِلَيْهِ فَلْيَرُدَّ عَلَيْكَ السَّلَامَ.

বাংলা

১০৩৭। হিমযারের এক শাখার সদস্য যিয়াদ ইবনে উবায়দে আর-রুয়াইনী (রহঃ) বলেন, আমরা রুয়াইফে (রাঃ)-এর নিকট উপস্থিত হলাম। তিনি তখন আনতাবুলসের আমীর (শাসক)। এক ব্যক্তি এসে তাকে সালাম দিয়ে বললো, আসসালামু আলাল আমীর। আবদা (রহঃ) এর বর্ণনায় আছে, সে বললো, আসসালামু আলাইকা আযুহাল আমীর। রুয়াইফে (রাঃ) তাকে বলেন, তুমি যদি আমাকেই সালাম দিতে তবে অবশ্যই আমি তোমার সালামের জবাব দিতাম। তুমি তো মিসরের শাসক মাসলামা ইবনে মুখাল্লিদকে সালাম দিয়েছো। তুমি তার নিকট যাও, তিনিই তোমার সালামের জবাব দিবেন। রাবী যিয়াদ (রহঃ) বলেন, আমরা তার ওখানে গেলে এবং তিনি মজলিসে উপস্থিত থাকলে আসসালামু আলাইকুম বলতাম।

English

Ziyad ibn 'Ubayd (ar-Ru'ayni) said, "We went to Ruwayfa', the Amir of Antabulis. A man came and greeted him, saying, 'Peace be upon the Amir.' From 'Abda, he said, 'Peace be upon the Amir.' Ruwayfa' said to him, 'If you had greeted us, we would have returned the greeting. But you greeted Maslama ibn Mukhallad (Maslama was in charge of Egypt). Go to him and he will return your greeting.'"

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আহসান পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=46421>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন